জাতীয় ঐক্যমত কমিশনের পাঠানো জুলাই সনদের খসড়ার উপর লিখিত মতামত জমা দিয়েছে বিএনপি



সংগৃহীত ছবি

জাতীয় ঐকমত্য কমিশনের পক্ষ থেকে রাজনৈতিক দলগুলোর কাছে পাঠানো জুলাই জাতীয় সনদের পূর্ণাঙ্গ খসড়ার ওপর বিএনপি তাদের লিখিত মতামত দিয়েছে। যুগপৎ আন্দোলনের সহযোগী দলগুলোর সঙ্গে আলোচনা ও বিশদ পর্যালোচনার পর এ মতামত বুধবার (২০ আগস্ট) সন্ধ্যায় কমিশনে জমা দেওয়া হয়।

দলীয় সূত্রে জানা গেছে, নির্বাচনের স্বার্থে যেখানে ছাড় দেওয়া প্রয়োজন, সেখানে বিএনপি খসড়া প্রস্তাবে তা রেখেছে।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ কালবেলাকে বলেন, “আমাদের আশা, জুলাই জাতীয় সনদ জাতীয় ঐকমত্যের ভিত্তিতে প্রণয়ন, স্বাক্ষর ও বাস্তবায়ন হবে। তবে খসড়ায় যে বিষয়গুলো রাখা হয়েছে—যেমন এই দলিলকে সংবিধানের ঊর্ধ্বে স্থান দেওয়া এবং আদালতে এর বৈধতা প্রশ্ন তোলা যাবে না—এসব প্রস্তাব গ্রহণযোগ্য নয়।”

তিনি আরও বলেন, “আমরা বিশ্বাস করি, আলোচনার মাধ্যমে সাংবিধানিক ও আইনি কাঠামোর ভেতরেই সমাধানের পথ বের করা সম্ভব।”

LENS ASIA